দৈনিক ইত্তেফাক

তারিখ ...30 SEP 1992
পৃষ্ঠা... ২ ... কলাম ... ৬ ...

# পদক বিতরণ অনুষ্ঠান ॥ প্রস্তুতি সম্পন্ন

ইত্তেফাক রিপোর্ট ॥ দীর্ঘ এক যুগ পর আগামীকাল (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের কৃতী ছাত্র-ছাত্রী ও গবেষণা ক্ষেত্রে অনন্য অবদানের জন্য শিক্ষকবৃন্দের মধ্যে পদক বিতরণ করা হইবে। সকাল ১০ টায় টি এসসি মিলনায়তনে এই পদক বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বেগম ( ২য় পৃঃ দ্রঃ)

## পদক বিতরণ

( প্রথম পৃঃ পর )

খালেদা জিয়া প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকিবেন।

অনুষ্ঠানে চ্যান্সেলর পদকসহ মোট ৬৮টি পদক প্রদান করা হইবে। অনুষ্ঠানটিকে সফল ও আকর্ষণীয়ভাবে সম্পন্ন করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ব্যাপক প্রস্তুতি সম্পন্ন করিয়াছে। টি,এস,সি মিলনায়তনকে অনুষ্ঠানের মূল স্থল হিসাবে নির্ধারণ করা হইয়াছে। মিলনায়তনে আসন সংখ্যা কম থাকায় বাহিরে প্যাণ্ডেল নির্মাণের কাজ ইতিমধ্যে সমাপ্ত করা হইয়াছে। একই সাথে টিএসসি মিলনায়তনকে শীতাতপ নিয়ন্ত্রিত করা হইয়াছে। দেওয়াল লিখন ঘসিয়া মাজিয়া দেওয়ালে চুনকাম করা হইয়াছে। গত ২/৩ দিন হইতে টিএসসিতে ছাত্র-ছাত্রী ও নাট্য কর্মীদের প্রবেশাধিকারও নিয়ন্ত্রণ করা হইয়াছে। অনুষ্ঠানে পদকপ্রাপ্ত ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, মন্ত্রী পরিষদের সদস্যবৃন্দ, কূটনীতিকবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ এবং বিভিন্ন পত্রিকার সাংবাদিকবৃন্দ পদকদাতাগণ আমন্ত্রিত হইয়াছেন।

পদক বিতরণের পূর্ব প্রস্তুতি উপলক্ষে আজ (বুধবার) বিকালে টি,এস,সিতে পদক প্রাপ্তরা উপস্থিত হইবেন। তাহাদের মধ্যে গাউন ও প্রয়োজনীয় কাগজপত্র বিতরণ করা হইবে। আগামীকাল অনুষ্ঠানের শুরুতে প্রধানমন্ত্রী, ভিসি ও পদক প্রাপ্তরা গাউন পড়িয়া শোভাযাত্রা সহকারে অনুষ্ঠান স্থলে প্রবেশ করিবেন।

দীর্ঘদিন পর একজন সরকার প্রধান ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি অনুষ্ঠানে যাইতেছেন। '৭৫ সালের ১৫ই আগষ্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়ে আমন্ত্রিত হইয়াছিলেন। কিন্তু ঐদিন সকালে তিনি নিহত হন। ১৯৭৮ সালের ১৯শে সেপ্টেম্বর প্রেসিডেন্ট জিয়াউর রহমান ঢাকা বিশ্ববিদ্যালয়ে যান। আগামীকাল প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আমন্ত্রণে পদক বিতরণ অনুষ্ঠানে যাইতেছেন।